ইত্তেফাক

তারিখ ... ১৫-৫-৮৬ ...
পৃষ্ঠা ... ১ কলাম ১ ...

0 030

# প্রশ্নপত্র ফাঁস : মাদ্রাসা পরীক্ষা স্থগিত

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল ( বুধবার ) মাদ্রাসা শিক্ষা বোর্ডের এক জরুরী সভায় প্রশ্নপত্র ফাঁস হওয়ায় বোর্ডের আলেম, কামেল ও ফাজেল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হইয়াছে। কামেল পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার প্রতিবাদে গতকাল ঢাকা আলিয়া মাদ্রাসার পরীক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে।

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ )



পরীক্ষার ফাঁস হওয়া প্রশ্নপত্র হাতে নিয়া আলিয়া মাদ্রাসার পরীক্ষার্থীরা গতকাল (বুধবার) রাজপথে বিক্ষোভ মিছিল বাহির করে —ইত্তেফাক

## প্রশ্নপত্র ফাঁস

( ১ম পৃষ্ঠার পর )

পরে পরীক্ষার্থীরা একটি মিছিল সহকারে মাদ্রাসা বোর্ডে গিয়া বিক্ষোভ প্রদর্শন করে।

জমিয়তে তালাবায়ে আরাবিয়ার এক বিবৃতিতে জানান হয়, মোহাম্মদপুর কাদেরিয়া তৈয়েবিনা মাদ্রাসা কেন্দ্রের পরীক্ষার্থীরাও পরীক্ষা বর্জন করেন। আরাবিয়ার নেতৃবৃন্দ বিবৃতিতে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সহিত জড়িত ব্যক্তিদের কঠোর শাস্তি দাবী করেন।